

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১ জানুয়ারি ২০০২/১৮ পৌষ ১৪০৮

এস, আর, ও নং ৫-আইন/২০০২/৩৩৩-মুসক— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ১৯শে ভাদ্র, ১৪০৮ বাংলা মোতাবেক ৩রা সেপ্টেম্বর, ২০০১ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও নং ২৪৮-আইন/২০০১/৩২৫-মুসক রহিতক্রমে, Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (১) এর Heading No. 24.02 এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত H. S. Code 2402.20.00 এর আওতাধীন উৎপাদিত তামাকযুক্ত সিগারেট (Cigarettes containing tobacco) এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুদ্ধ আদায়ের উদ্দেশ্যে নিম্নবর্ণিত টেবিল এর কলাম (১) এ উল্লিখিত শলাকা সংখ্যা বিশিষ্ট কলাম (২) এ উল্লিখিত খুচরা মূল্য স্তরের কলাম (৩) এ উল্লিখিত প্রকৃতির সিগারেটের মোড়কের (প্যাকেট) গায়ে কলাম (৪) এ উল্লিখিত ডিজাইনের বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত স্ট্যাম্প বা ব্যান্ডরোল, আমদানিকৃত বা উৎপাদিত তামাকযুক্ত সিগারেট (প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি) আদেশ, ২০০১ এ বর্ণিত পদ্ধতিতে ব্যবহার করার নির্দেশ প্রদান করিল, যথা :—

টেবিল

শলাকা সংখ্যা	খুচরা মূল্য স্তর (প্রতি দশ শলাকা)	সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি	ডিজাইন	স্ট্যাম্প বা ব্যান্ডরোল
(১)	(২)	(৩)	(৪)	(৫)
২০ শলাকা	৪.৫০ টাকা হইতে ৪.৯৯ টাকা পর্যন্ত	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
১০ শলাকা	৫.০০ টাকা হইতে ৯.৯৯ টাকা পর্যন্ত	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
২০ শলাকা	৫.০০ টাকা হইতে ৯.৯৯ টাকা পর্যন্ত	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
২০ শলাকা	১০.০০ টাকা ও ততোধিক	হার্ড এন্ড সফট	গোলাপী	স্ট্যাম্প
১০ শলাকা	৪.৫০ টাকা হইতে ৪.৯৯ টাকা পর্যন্ত	শেল এন্ড ব্লাইন্ড	হালকা নীল	ব্যান্ডরোল
১০ শলাকা	৫.০০ টাকা হইতে ৯.৯৯ টাকা পর্যন্ত	শেল এন্ড ব্লাইন্ড	গোলাপী	ব্যান্ডরোল

২। এই প্রজ্ঞাপন ১৮ই পৌষ ১৪০৮ মোতাবেক ১লা জানুয়ারি, ২০০২ ইং তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ ফিরোজ শাহ আলম

প্রথম সচিব (মূসক)।